

ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার

স-১১১
আগরতলা, ১০ মে, ২০১৯

১২ মে পুনর্ভোট : ছুটি ঘোষণা

আগামী ১২ মে, ২০১৯ (রবিবার) ১-পশ্চিম ত্রিপুরা লোকসভা আসনের ১৬৮টি ভোটগ্রহণ কেন্দ্রে পুনরায় ভোটগ্রহণ করা হবে। ত্রিপুরা সরকারের সাধারণ প্রশাসন দপ্তর থেকে এক বিজ্ঞপ্তিতে জানানো হয়েছে ভোটাধিকার প্রয়োগ করার জন্য আগামী ১২ মে, ২০১৯ তারিখ পোলিং স্টেশন এলাকাধীন সব সরকারি অফিস, আদালত, আর্থিক প্রতিষ্ঠান এবং অন্যান্য সমস্ত প্রতিষ্ঠান বন্ধ থাকবে।

বিজ্ঞপ্তিতে জানানো হয়েছে, আগামী ১২ মে, ২০১৯ পুনর্নির্বাচনে ভোটাধিকার প্রয়োগ করার জন্য অধিগৃহীত শিল্প সংস্থার কর্মী, দৈনিক হাজিরা / কন্টিনজেন্ট কর্মী এবং ত্রিপুরার যেকোনও ব্যবসা / ট্রেডে কর্মরত শ্রমিক / কর্মচারীদের জন্য ফ্যাক্টরি আইন ১৯৪৮ অনুযায়ী সবেতন ছুটি ঘোষণা করা হয়েছে।

বিজ্ঞপ্তিতে বলা হয়েছে, এমনও হতে পারে কোনও ব্যক্তি এই লোকসভা কেন্দ্র এলাকায় বসবাস করেন, যে সব ভোট কেন্দ্রে পুনরায় ভোটগ্রহণ করা হবে তিনি ঐ ভোটকেন্দ্রের ভোটার কিন্তু তিনি সংশ্লিষ্ট লোকসভা কেন্দ্র বা পোলিং স্টেশন এলাকার বাইরে সরকারি প্রতিষ্ঠানে কর্মরত অথবা কোনও অধিগৃহীত শিল্প সংস্থা বা কোনও প্রতিষ্ঠানে কর্মরত। এ ধরনের ঘটনায় ভোটারগণ ১২ মে, ২০১৯ (রবিবার) ভোটাধিকার প্রয়োগ করার জন্য বিশেষ ক্যাজুয়েল লিভ পাবেন। একইভাবে লোকসভা কেন্দ্রের বাইরে থাকা ক্যাজুয়েল / দৈনিক হাজিরার কর্মীগণ সবেতন ছুটির সুযোগ পাবেন। তবে এই বিশেষ ছুটি সেই ব্যক্তির ক্ষেত্রে প্রযোজ্য হবে না যিনি এমন জায়গায় কর্মরত রয়েছেন যে তার অনুপস্থিতি মারাত্মক ঝুঁকি ডেকে আনবে বা কর্মক্ষেত্রে ক্ষতিসাধন হবে।
